বার্ষিক উন্নয়ন পরিকল্পনা
(২০২৩-২৪)

উপজেলা পরিষদ

কুতুবদিয়া, কক্সবাজার।

বার্ষিক উন্নয়ন পরিকল্পনা
(২০২৩-২০২৪)

প্রকাশকাল ঃ জুলাই ২০২৩ খ্রি.

উপজেলা পরিষদ, কুতুবদিয়া, ককসবাজার।

গ্রন্থস্বত্ব ঃ

কুতুবদিয়া উপজেলা পরিষদ, ককসবাজার

প্রকাশনায় ঃ

জনাব মোঃ ফরিদুল ইসলাম চৌধুরী
চেয়ারম্যান
কুতুবদিয়া উপজেলা পরিষদ
ককসবাজার

সম্পাদনা ঃ

জনাব দীপংকর তঞ্চঙ্গ্যা
উপজেলা নির্বাহী অফিসার
কুতুবদিয়া,ককসবাজার

অর্থায়নে ঃ

কুতুবদিয়া উপজেলা পরিষদ, ককসবাজার

সার্বিক সহযোগীতায় ঃ

জনাব বিশ্বজিত বড়ুয়া, সহ: প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুতুবদিয়া, ককসবাজার
জনাব মিজবাহ উদ্দিন আহমদ,সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, কুতুবদিয়া উপজেলা পরিষদ, ককসবাজার

তথ্য সংগ্রহ ও কম্পোজ ঃ

জনাব বিশ্বজিত বড়ুয়া, সহ: প্রশাসনিক কর্মকর্তা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কুতুবদিয়া, ককসবাজার
জনাব মিজবাহ উদ্দিন আহমদ,সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর, কুতুবদিয়া উপজেলা পরিষদ, ককসবাজার

কৃতজ্ঞতায় ঃ

কুতুবদিয়া উপজেলা পরিষদের বিভিন্ন দপ্তরের বিভাগীয় কর্মকর্তাবৃন্দ ও ইউপি চেয়ারম্যানবৃন্দ

ডিজাইন ও মুদ্রণ ঃ রাবেয়া কম্পিউটাস এন্ড প্রিন্টার্স, কুতুবদিয়া, ককসবাজার

উৎসর্গ

প্রিয় কুতুবদিয়া উপজেলাবাসীকে

বাণী

ক্ষমতার বিকেন্দ্রীকরণের অংশ হিসেবে ১৯৮২ সালে প্রণীত অধ্যাদেশের মাধ্যমে উপজেলা পরিষদ ব্যবস্থার প্রবর্তন হয়। ১৯৮৫ সালে প্রথম এবং ১৯৯০ সালে ২য় মেয়াদে উপজেলা পরিষদ নির্বাচন হয়। পরবর্তীতে ২০০৯ সালে উপজেলা পরিষদ নির্বাচন সম্পন্ন হয়।

সু-শাসন, স্বচ্চতা, জবাবদিহিতা প্রতিটি কাজে প্রতিটি মানুষের দাবী। সকল কাজ ও প্রকল্পের কর্মপরিকল্পনা, কর্মপদ্ধতি সুচিন্তিত হলে এবং তা যদি সৎ, সুশিক্ষিত, জ্ঞানী, অভিজ্ঞ ও জনপ্রতিনিধি দ্বারা তৈরি করা ও বাস্তবায়িত হয়, তাহলে অবশ্যই সু-শাসন প্রতিষ্ঠিত হবে। কাজের স্বচ্ছতা থাকবে, থাকবে জবাবদিহিতা ।

আমাদের এই দেশ একটি উন্নয়নশীল দেশ। আমাদের সম্পদ সীমিত কিন্তু মানব সম্পদ অধিক তাই কোন পরিকল্পনা ছাড়া যত্রতত্র অর্থ ব্যয় করে কোন কাজ করলে আমরা কোন দিনই উন্নতির শিখরে আরোহন করতে পারবোনা। বাংলাদেশের প্রতিটি গ্রামে উন্নয়নের ছোঁয়া লাগাতে প্রতিটি উপজেলায় জনসাধারণের কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে উপজেলা পঞ্চ বার্ষিকী পরিকল্পনা বাস্তবায়নের জন্য একটি পরিকল্পনা প্রনয়ণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

তাই কুতুবদিয়া উপজেলার প্রতিটি মানুষ যেন এই কর্ম পরিকল্পনার সুফল ভোগ করতে পারে সে জন্য আমি বর্তমান সরকারের আন্তরিকতার হাতকে আরও সম্প্রসারিত করার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি। কুতুবদিয়া উপজেলা প্রতিটি মানুষ সুখে ও শান্তিতে থাকুক এই আমার একমাত্র প্রত্যাশা।

(মোঃ ফরিদুল ইসলাম চৌধুরী)
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কুতুবদিয়া, ককসবাজার

বাণী

১৯৯৮ সালে উপজেলা পরিষদ আইন প্রণীত হলেও উক্ত সময়ে উপজেলা পরিষদের নির্বাচন হয়নি। দীর্ঘ সময় পর বিগত তত্ত্বাবধায়ক সরকার উপজেলা পরিষদ আইন ১৯৯৮ রহিত করে স্থানীয় সরকার (উপজেলা পরিষদ) অধ্যাদেশ ২০০৮ জারির মাধ্যমে উপজেলা পদ্ধতি পূনঃপ্রচলন করে। ২০০৯ সালে উপজেলা পরিষদ নির্বাচন সম্পন্ন হয় এবং প্রায় একই সময়ে উপজেলা পরিষদ (রহিত পূনঃপ্রচলন ও সংশোধন) আইন, ১৯৯৮ পাশ ও জারি করা হয় এবং পরিষদকে অধিকতর কার্যকর করতে ২০১১ সালে উপজেলা পরিষদ (সংশোধন) আইন পাশ হয়।

আমি একজন জনপ্রতিনিধি হিসেবে এই প্রত্যাশা করি যেন কুতুবদিয়া উপজেলার প্রতিটি মানুষ উন্নয়নের ছোঁয়া থেকে বঞ্চিত না হয়। আমরা হয়তো জনগণের সব আকাঙ্ক্ষা পূরণ করতে পারবনা। কিন্তু চেষ্টা করতে হবে একটু দায়মুক্ত হতে পারি কিনা। জনপ্রতিনিধি এবং উপজেলা প্রশাসন যদি একত্রিত হয়ে কাজ করে তাহলে আমার মনে হয় আমরা আমাদের কাঙ্খিত লক্ষ্যে পৌঁছতে পারব।

(হুমায়ুন কবির হায়দার)
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কুতুবদিয়া, ককসবাজার।

বাণী

মহৎ কোন কর্ম সম্পাদনের জন্য প্রয়োজন নির্দিষ্ট লক্ষ্য ও উদ্দেশ্য। আর পরিকল্পনা হচ্ছে কাজের অর্ধেক। জীবনের প্রতিটি কাজেই পূর্ব পরিকল্পনা থাকা প্রয়োজন। লক্ষ্য অর্জনের জন্য সুন্দর ও সঠিক কর্মপরিকল্পনা থাকলে আশানুরূপ লক্ষ্য অর্জন হবে। কুতুবদিয়াউপজেলা জলা আমাদের প্রিয় জন্মভূমি। এ উপজেলায় একটি পঞ্চ বার্ষিকী পরিকল্পনা তৈরী করা হলে আইন-শৃংখলার উন্নতি সাধন, প্রাথমিক, মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার মান উন্নয়ন, যোগাযোগ ও ভৌত অবকাঠামোগত উন্নয়ন, স্বাস্থ্য ও স্যানিটেশন, সমাজসেবা, দারিদ্র দূরীকরণসহ জনকল্যাণ ও সু-শাসন নিশ্চিত হবে।

এ প্রকাশনার সাথে সম্পৃক্ত সকলকে আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাচ্ছি।

(হাছিনা আকতার)
মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কুতুবদিয়া, ককসবাজার।

বাণী

টেকসই অর্থনৈতিক উন্নয়নের জন্য সুনির্দিষ্ট পরিকল্পনা অতীব গুরুত্বপুর্ণ বিষয়। সীমিত সম্পদের সর্বোচ্চ সদ্ব্যবহারের মাধ্যমে কাঙ্খিত উন্নয়ন নিশ্চিত করার জন্য এতদসংক্রান্ত পরিকল্পনা প্রণয়নের কোন বিকল্প নেই। শিক্ষা, স্বাস্থ্য ও অবকাঠামোসহ বিভিন্ন ক্ষেত্রে কুতুবদিয়া উপজেলার অবস্থান অনেক পিছনে। আগামী এক বছরে (২০২৩-২০২৪) এ সকল ক্ষেত্রে কাম্যমান অর্জনের মাধ্যমে কুতুবদিয়া উপজেলাকে সুখী, সমৃদ্ধশালী, দারিদ্রমুক্ত, শিক্ষিত, আনুষ্ঠানিক উপজেলা হিসেবে গড়ে তোলার লক্ষে উপজেলা পরিষদ সুনির্দিষ্ট পরিকল্পনা হাতে নিয়েছে।

উন্নয়ন পরিকল্পনায় জনঅংশগ্রহণ বর্তমান সময়ের একটি আলোকিত বিষয়। বাংলাদেশের সংবিধানে তৃণমূল পর্যায়ে গণতান্ত্রিক ব্যবস্থা প্রতিষ্ঠিত করার জন্য স্থানীয় সরকারকে প্রতিনিধিত্বমূলক প্রতিষ্ঠান এবং সাথে জনগণের অংশগ্রহণে গুরত্বপূর্ণ মাধ্যম হিসেবে স্বীকৃতি দেয়া হয়েছে। উন্নয়ন কর্মসূচিতে সংশ্লিষ্ট জনগোষ্ঠীর অংশগ্রহণ বা মতামত প্রদানের বিষয়টি অবশ্যই খুবই ইতিবাচক ও যুগপযোগী। এর মাধ্যমে স্থানীয় উপকার ভোগীরা কার্যক্রমটিকে একান্ত নিজের মনে করতে পারে এবং সুষ্ঠভাবে প্রকল্প বা কাজটি বাস্তবায়নের জন্য স্বেচ্ছায় অবদান রাখে।

কুতুবদিয়া উপজেলা পঞ্চবার্ষিক পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে জনঅংশগ্রহণে তথা জনগণের মতামতের বিষয়টিকে সর্বোচ্চ প্রাধান্য দেয়া হয়েছে। এ পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে বিগত বছর সমুহে রাজস্ব উন্নয়ন খাতে প্রাপ্তির ধারবাহিকতায় ভবিষ্যৎ সম্ভাব্য প্রাপ্তির বিষয়টি বিবেচনায় নেওয়া হয়েছে।

আশা করা যায় কুতুবদিয়া উপজেলা পরিষদ আগামী এক (২০২৩-২০২৪) বছরে দলমত নির্বিশেষে সকলের জন্য উন্নয়নে অশেষ অবদান রাখবে।

(দীপংকর তঞ্চঙ্গ্যা)
উপজেলা নির্বাহী অফিসার
কুতুবদিয়া, ককসবাজার।

সূচীপত্র

প্রথম অধ্যায়ঃ ভূমিকা, উপজেলার পরিচিতি ও নামকরণ

১.১ ভূমিকা 09
১.২ কুতুবদিয়া উপজেলা পরিচিতি ও ঐতিহাসিক পটভূমি 09
১.৩ প্রাচীন কীর্তি 09
১.৪ কুতুবদিয়া উপজেলার নামকরণ 09
১.৫ কুতুবদিয়া উপজেলার ভৌগলিক পরিচিতি 09
১.৬ ভাষা ও সংস্কৃতি 09
১.৭ মুক্তিযুদ্ধে কুতুবদিয়া 10
১.৮ প্রত্যাশা 11
১.৯ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বই প্রণয়নের উদ্দেশ্য 11
১.১০ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বই প্রণয়ন প্রক্রিয়া 12
১.১১ পরিকল্পনা বাস্তবায়ন কৌশল 12
১.১২ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বই প্রণয়নের সীমাবদ্ধতা 12
১.১৩ কুতুবদিয়া উপজেলার মানচিত্র 13

দ্বিতীয় অধ্যায়ঃ উপজেলা আর্থ-সামাজিক তথ্য ভান্ডার

২.১ উপজেলার পরিষদ ও বিভিন্ন দপ্তরের আর্থ-সামাজিক তথ্য 14

তৃতীয় অধ্যায়ঃ উপজেলার সম্পদ বিবরণী

৩.১ উপজেলার সম্পদের বিবরণী 19

চতুর্থ অধ্যায়ঃ পরিস্থিতি বিশ্লেষণ

৪.১ পরিস্থিতি বিশ্লেষণ 20

পঞ্চম অধ্যায়ঃ রূপকল্প

৫.১ রূপকল্প 21

ষষ্ট অধ্যায়ঃ বার্ষিক উন্নয়ন পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্য

৬.১ বার্ষিক উন্নয়ন পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্য 21
৬.২ উপজেলার এসডব্লিউওটি (SWOT) বিশ্লেষন 22

সপ্তম অধ্যায়ঃ পরিস্থিতি বিশ্লেষণ

৭.১ বার্ষিক উন্নয়ন পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্য 22
৭.২ প্রকল্পের সার-সংক্ষেপ 25

অষ্টম অধ্যায়ঃ মনিটরিং ও মুল্যায়ন পদ্ধতি

৮.১ মনিটরিং ও মূল্যায়ন কৌশলের উদ্দেশ্য 32
৮.২ মনিটরিং ও মূল্যায়ন কৌশলের মানদন্ড 32
৮.৩ মনিটরিং ফরম্যাট 33
৮.৪ মনিটরিং ও মূল্যায়ন প্রতিবেদনের কাঠামো 33

১.১ ভূমিকাঃ

উপজেলা পরিষদ স্থানীয় সরকার ব্যবস্থার দ্বিতীয় ও গুরুত্বপূর্ণ স্তরের স্থানীয় সরকার। উপজেলা পরিষদ আইনে ১৯৯৮ (সংশোধিত ২০০৯ ও ২০১১) বার্ষিক উন্নয়ন পরিকল্পনাা প্রণয়নকে অন্যতম কাজ হিসেবে উল্লেখ করা হয়েছে। উপজেলা পরিষদ আইনের ২৩ ধারা অনুযায়ী উপজেলা পরিষদের কার্যাবলীর তালিকায় বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রথম স্থানে রয়েছে। বাংলাদেশ সরকারের সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা উপজেলা পরিষদের ভূমিকা ইতোমধ্যে বিশেষভাবে স্বীকৃত হয়েছে। পরিকল্পনা ছাড়া কোন জাতি, দেশ বা সমাজ উন্নতির শিখরে অগ্রসর হতে পারেনা। পরিকল্পনা প্রণয়নে জাতীয় বা দেশ ভিত্তিক ফলাফল অর্জনের দিকে গুরুত্বারোপ করা হয়। উপজেলা পরিষদের সীমিত সম্পদের সাথে সামঞ্জস্য রেখে উপজেলার জনগণের চাহিদা ও অগ্রাধিকারের ভিত্তিতে কুতুবদিয়া উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা ২০২১-২২ প্রনয়ণের উদ্যোগ গ্রহণ করা হয়।

১.২ কুতুবদিয়া উপজেলা পরিচিতি ও ঐতিহাসিক পটভূমিঃ

কুতুবদিয়া উপজেলা ছয়টি ইউনিয়ন নিয়ে গঠিত। উত্তর, পশ্চিম ও দক্ষিণ দিকে বঙ্গোপসাগর, পূর্বে কুতুবদিয়া চ্যানেল, বাঁশখালী, চকোরিয়া এবং মহেশখালী উপজেলা। কুতুবদিয়া বাংলাদেশের ককসবাজার জেলার অর্ন্তগত একটি উপজেলা এটি ককসবাজার জেলা শহর থেকে প্রায় ৯০ কিলোমিটার উত্তরে অবস্থিত। ১৯১৭ সালে মহেশখালী থানাকে ভাগ করে কুতুবদিয়া থানা সৃষ্টি হয়। কুতুবদিয়া নামকরনের পিছনে জনশ্রুতি আছে যে, দীর্ঘদিন ধরে কুতুবদিয়া দ্বীপের গঠন প্রক্রিয়া শুরু হলেও এ দ্বীপ সমুদ্রের বুক থেকে জেগে উঠে চতুর্দশ শতাব্দীর শেষের দিকে। ধারণা করা হয় পঞ্চদশ শতাব্দীর শেষের দিকে এ দ্বীপে মানুষের পদচারণা। হযরত কুতুবুদ্দীন নামে এক কামেল ব্যক্তি আলী আকবর, আলী ফকির, এক হাতিয়া সহ কিছু সঙ্গী নিয়ে মগ পর্তুগীজ বিতাড়িত করে এ দ্বীপে আস্তানা স্থাপন করেন। অন্যদিকে আরাকান থেকে পলায়নরত মুসলমানেরা চট্টগ্রামের আশেপাশের অঞ্চল থেকে ভাগ্যান্বেষণে উক্ত দ্বীপে আসতে থাকে। জরিপ করে দেখা যায়, আনোয়ারা, বাঁশখালী, সাতকানিয়া, পটিয়া, চকরিয়া অঞ্চল থেকে অধিকাংশ আদিপুরুষের আগমন। নির্যাতিত মুসলমানেরা কুতুবুদ্দীনের প্রতি শ্রদ্ধান্তরে কুতুবুদ্দীনের নামানুসারে এ দ্বীপের নামকরণ করেন *কুতুবুদ্দীনের দিয়া,* যা পরবর্তীতে *কুতুবদিয়া* নামে স্বীকৃতি লাভ করে।[৫] দ্বীপকে স্থানীয়ভাবে *দিয়া* বা *ডিয়া* বলা হয়। পরবর্তীতে বিভিন্ন এলাকা থেকে লোকজন এসে এই দ্বীপে বসবাস শুরু করে। বর্তমানে (২০১৭) এই দ্বীপের বয়স ৬০০ বছর পেরিয়ে গেছে। এই দ্বীপের আয়তন প্রায় দুই-তৃতীয়াংশ কমে গেছে এবং এখনও সাগরের ঢেউয়ের প্রভাবে ভেঙ্গে সমুদ্রে পরিণত হচ্ছে সৌন্দর্যের লীলাভূমি সাগরকন্যা কুতুবদিয়া দ্বীপটি।

১.৩ প্রাচীন কীর্তিঃ

কুতুবদিয়ায় বাতি ঘর ১৮৬০ খ্রিষ্টাব্দে ব্রিটিশ সরকার জাহাজ চলাচলের উপযোগী করে চট্টগ্রাম নৌবন্দর গড়ে তোলে। প্রাথমিকভাবে দুটি অস্থায়ী জেটি তৈরি করা হয়েছিল। এরও বহ আগে থেকে চট্টগ্রামে জাহাজ চলাচল করতো। এই কারণে ব্রিটিশদের চট্টগ্রাম নৌবন্দর উন্নয়নের বেশ আগে থেকে কুতুবদিয়ায় বাতি ঘর তৈরি করা হয়েছিল।

১.৪ কুতুবদিয়া উপজেলা নামকরণঃ

কুতুবদিয়া মূলত একটি দ্বীপ উপজেলা। চতুর্দশ শতাব্দীর শেষের দিকে এই দ্বীপ সমুদ্রের বুকে জেগে উঠে বলে ধারণা করা হয়। পঞ্চদশ শতাব্দীর শেষের দিকে এই দ্বীপে মানুষের আনাগোনা শুরু হয়। সর্বপ্রথম 'কুতুবুদ্দীন' নামক একজন সাধু ও পরহেজগার ব্যক্তি এই দ্বীপে বসবাস শুরু করেন। তিনি সকলের জন্যই এই দ্বীপটি উন্মুক্ত করে দেন। তখন আরাকান রাজ্য থেকে বিতাড়িত মুসলিমরা আশ্রয়ের জন্য এই দ্বীপে আসতে থাকে। কুতুবুদ্দীন এদেরও আশ্রয় দান করেন ফলে শ্রদ্ধা করে কুতুবুদ্দীনের নামানুসারে দ্বীপটির নাম রাখা হয় কুতুবদিয়া দ্বীপ। প্রথমে দ্বীপটির নাম ছিলো 'কুতুবুদ্দীনের দিয়া' যা পরবর্তীতে কালের বিবর্তনে লোকমুখে পরিবর্তন হয় এবং হয়ে যায় 'কুতুবদিয়া দ্বীপ'।

১.৫ কুতুবদিয়া উপজেলা ভৌগলিক পরিচিতিঃ

কুতুবদিয়াউপজেলা ছয়টি ইউনিয়ন নিয়ে গঠিত। চট্টগ্রাম [বাংলাদেশ] বিভাগের কক্সবাজার জেলার অন্তর্গত একটি উপজেলা। বাংলাদেশের অতি নিকটবর্তী একটি দ্বীপ। কুতুবদিয়া চ্যানেল দ্বারা মূল ভুখণ্ড থেকে বিচ্ছিন্ন। ভৌগোলিক অবস্থান ২১.৮১৬৭± উত্তর দ্রাঘিমাংশ ৯১±৮৫৮৩ পূর্ব অক্ষাংশ। এর উত্তর, পশ্চিম ও দক্ষিণ দিকে বঙ্গোপসাগর, পূর্বে কুতুবদিয়া চ্যানেল, বাঁশখালী, চকোরিয়া এবং মহেশখালী উপজেলা। এর মোট আয়তন ২১৫.৮ বর্গকিলোমিটার।

১.৬ ভাষা ও সংস্কৃতি ঃ

নানা মত ও বর্ণের লোকজনের বসবাসের মধ্যে দিয়ে এ এলাকার জনবসতি গড়ে উঠেছে। ইতিহাস নির্মাণকালে এ এলাকার বিদেশী বনিকদের আনাগোনা ছিল। সেই সুবাদে ভিন্ন জাতিসত্বা ও অস্তিত্ব পরিলক্ষিত হয়।

১.৭ মুক্তিযুদ্ধে লোহাগাড়াঃ

বঙ্গোপসাগরের উপকূলবর্তী কক্সবাজার জেলা। এই জেলার মুক্তিযোদ্ধাগণও পাকবাহিনীর বিরুদ্ধে দুঃসাহসিক লড়াই করে কক্সবাজারকে শত্রুমুক্ত করেন। কক্সবাজার জেলার মহান মুক্তিযুদ্ধের কমান্ডার, জেলা জয় বাংলা বাহিনী '৭১ এর প্রধান প্রবীণ রাজনীতিবিদ, শিক্ষানুরাগী, সংস্কৃতিক ব্যক্তিত্ব, ক্রীড়াবিদ, বীর মুক্তিযোদ্ধা কামাল হোসেন চৌধুরীর নিকট সকাশে গিয়ে একান্ত আলাপে হয় মহান মুক্তিযুদ্ধ নিয়ে। বিবার্তা২৪ডটনেট এর প্রতিবেদকের সাথে তাঁর আলাপে মহান মুক্তিযুদ্ধ, স্বাধীন বাংলাদেশ ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবিস্মরণীয় অবদানসহ নানা বিষয় উঠে আসে।

মহান মুক্তিযুদ্ধের অবিস্মরণীয় স্মৃতি-গাঁথা গৌরবের ইতিহাস জানতে চাইলে তিনি বিবার্তা প্রতিনিধিকে জানান- বাঙালির জন্য শেখ মুজিব দিলেন বাংলাদেশ, তাঁর কন্যা জননেত্রী শেখ হাসিনা বাংলার জীবনমান উন্নয়নের তরে প্রাণপন নিরলস চেষ্টারত। অপর দিকে, স্বাধীনতা বিরোধী চক্র ছলে-বলে কৌশলে, রক্ত দিয়ে অর্জিত স্বাধীন দেশটাকে ধ্বংস করতে সদাব্যস্ত। কিন্তু তারা কিছুতেই সফল হবে না।

১৯৭১ ও এর পূর্ববর্তী সময়ের দীর্ঘ সংগ্রামী জীবনের স্মৃতিচারণ করতে গিয়ে বীর মুক্তিযোদ্ধা কামাল হোসেন চৌধুরী বলেন, আমি স্কুল জীবন থেকেই রাজনৈতিক ভাবে সচেতন ছিলাম। ১৯৫৪ সালে যুক্তফ্রন্ঠের নির্বাচনের প্রাক্কালে শের-এ-বাংলা এ কে ফজলুল হক, মাওলানা ভাসানী, শেখ মুজিবুর রহমার ও আজিজ মিয়ার সাথে আমার সাক্ষাৎ ঘটে। ১৯৬২-৬৩ সালে আমি ছিলাম কক্সবাজার উচ্চ বিদ্যালয়ের নির্বাচিত সাধারণ সম্পাদক। ১৯৬২ সালে কক্সবাজার সাংগঠনিক জেলায় ছাত্রলীগ প্রতিষ্ঠা করি এবং সভাপতি হই। বৈরুত যাওয়ার প্রাক্কালে হোসেন শহীদ সোহরাওয়ার্দীকে কক্সবাজার বিচ সংশ্লিষ্ট হাউসে কক্সবাজার জেলা ছাত্রলীগের পক্ষ থেকে এক দুর্লভ সংবর্ধনায় ভূষিত করা হয়। ওই সময়েও ঢাকায় বঙ্গবন্ধুর সাথে আমার সাক্ষাৎ ঘটে। সেই সময়ের শিক্ষা আন্দোলনেও আমরা অংশগ্রহণ করি। ১৯৬৪-৬৫ সালে আমি কক্সবাজার কলেজের প্রথম সাধারণ সম্পাদক নির্বাচিত হই।

এই বীর মুক্তিযোদ্ধা জানান, ১৯৬৬ সালে ছয় দফার জন্য আমরা সংগ্রাম করি যা ব্যাপক গণসমর্থন পেয়েছিল। ১৯৬৭-৬৮ সালে আমি পূর্ব পাকিস্তান ছাত্রলীগের সহ-সভাপতির দায়িত্ব পালন করি। ১৯৬৮-৬৯ সালে বৃহত্তর চট্টগ্রামের ছাত্রলীগের সহ-সভাপতির দায়িত্ব পালন কালে আইয়ুব বিরোধী আন্দোলন ব্যাপক আকার ধারণ করে। ১৯৬৯ সালে আইয়ুব বিরোধী আন্দোলনে নেতৃত্ব দানের কারণে আমরা কয়েকজন যেমন- প্রয়াত নজরুল, মোজাম্মেল, ছুরত আলম, কৃষ্ণ, তৈয়ব, রাজামিয়া, জহির প্রমূখের বিরুদ্ধে হুলিয়া জারি করা হয়। ১৯৬৯ সালের এহেন পরিস্থিতির কারণে আমাদের চিন্তা-ধারার পরিবর্তন আসে। ১৯৬৯-এর আইয়ুব খানের পতনের পর ইয়াহিয়া 'আইনগত কাঠামো আদেশে' ১৯৭০ এ নির্বাচন ঘোষনা করেন। আমরা সেই নির্বাচনে স্বতঃস্ফূর্ত এবং সক্রিয়ভাবে অংশগ্রহণ করি। নির্বাচনের ফলাফল তো সবার জানা আছে। ক্ষমতা হস্তান্তরে গড়িমসির ফলে আমাদের চিন্তাভাবনা প্রকট হয় যে আন্দোলন জোরদার করতে হবে। প্রয়োজনে স্বাধীনতার জন্য যুদ্ধ করতে হবে। সেই সময়ে আমরা মহকুমা পর্যায়ে ভয়েস অব আমেরিকা এবং বিবিসি'র সংবাদের ভিত্তিতে কেন্দ্রীয় সমস্ত কর্মসূচী পালন করতাম।

একাত্তরে উত্তাল দিনগুলো নিয়ে বীর মুক্তিযোদ্ধা কামাল হোসেন চৌধুরী জানান, ১৯৭১ এর ৭ মার্চের ভাষণের আগেই ৩ মার্চ আমরা মহকুমা প্রশাসনের অফিসের পাকিস্তানি পতাকা নামিয়ে পুড়িয়ে দেই। পতাকা নামানো হয় মোজাম্মেল (মরহুম)-এর কাঁধের উপর সুরত আলম তার উপর আল মামুন। ওইদিকে পানির পাইপ দিয়ে মুজিব এক সাথে উঠে পতাকা নামিয়ে পাবলিক লাইব্রেরির কোণায় আমতলা স্টেজে নিয়ে আসে।

তখন মাইকে আমি ঘোষণা করি, 'এই পতাকার নামে আমাদেরকে ২৪ বছর শোষণ করেছে। এর আর দরকার নাই। আমরা চাই নতুন পতাকা নতুন দেশ। এর সাথে সাথে পতাকায় আগুন ধরিয়ে দেওয়া হয়। ওই দিন কক্সবাজারের সর্বস্তরের মানুষের মিছিলের অগ্রভাগে ছিলাম আমি, নজরুল, ওমর, সুনিল, জালাল, মনছুর, জহির, হাবীব, তৈয়ব, রাজা মিয়া, তাহের, সিরাজ, দিদার, পিন্টু, শাকের, আবছার, তালেব, মুজিব, আলতাফ, শাহ আলম, হারুন, রশিদ, লক্ষণ, খোরশেদ, জালাল, বাচ্চু, বেলাল প্রমুখ।

বিশেষত '৭১-এর প্রথম দিক থেকেই আমরা গোপনে হোটেল সায়মন-এ ৩টি রুম নিয়ে অফিস করতে থাকি এবং ভয়েস অব আমেরিকা, বিবিসি ও টেলিফোন সংবাদের ভিত্তিতে কার্যক্রম পরিচালনা করি। ৭ মার্চে বঙ্গবন্ধুর অগ্নিঝরা ভাষণের নির্দেশনাসমূহ অনুসরণ করি। ৭ মার্চের ভাষনের মর্মবাণী আমাদের কাছে সুস্পষ্ট হয়ে ওঠে। আমরা সুস্পষ্টভাবে বুঝতে পারলাম যে, আমাদেরকে সশস্ত্র সংগ্রামের জন্য প্রস্তুতি নিতে হবে। তখন থেকে আমরা ২৪/২৫ জন সিনিয়র ছাত্র রাজনৈতিক কর্মী হোটেল সায়মনে অঘোষিত ক্যাম্পে ১১ মার্চ হতে সশস্ত্র প্রস্তুতির কার্যক্রম শুরু করি।

২৫ মার্চ ১৯৭১ সাল। রাত ১.৩০ মিনিটের পর কক্সবাজার পুরাতন রেষ্ট হাউস থেকে আমরা কয়েকজন চট্টগ্রাম রেষ্ট হাউসে (বর্তমান হোটেল সৈকত) সিটি আওয়ামী লীগ অফিস থেকে জহুর আহামদ চৌধুরীর কাছে ফোন করি। ফোন ধরেন শ্রমিক নেতা জামাল। তার কাছে পরিস্থিতি সম্পর্কে জানতে চাই। তিনি বলেন, দেশে গণহত্যা চলছে, রাজারবাগ ইপিআর বেঙ্গল রেজিমেন্টের উপর আক্রমণ হয়েছে। আমাদের নেতা বঙ্গবন্ধু শেখ মুজিব স্বাধীনতা ঘোষণা করেছেন। এখন চতুর্দিকে গোলাগুলি হচ্ছে। আমরা নিরাপদ স্থানের জন্য প্রস্তুতি নিচ্ছি। আপনারা প্রস্তুতি নেন।

আমি রিসিভারে এখান থেকেই গোলাগুলির শব্দ শুনতে পাচ্ছিলাম। এ কথা আমরা স্থানীয় আওয়ামী লীগ নেতৃবৃন্দকে জানালাম। তারাও বঙ্গবন্ধুর সরাসরি নির্দেশনার অপেক্ষায় ছিলেন।

আমি ২৬ মার্চ ভোর ৬টায় কক্সবাজার শহরের প্রথম বঙ্গবন্ধু শেখ মুজিবের পক্ষে আনাচে কানাচে মাইকে প্রচার করেছিলাম যে, আমাদের নেতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান ২৫ তারিখ রাতে বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেছেন। একথা আমরা বিশ্বস্ত সূত্রে জেনেছি।

"ঢাকা, চট্টগ্রাম, নারায়নগঞ্জ, খুলনা, বরিশালসহ দেশের বিভিন্ন জায়গায় পশ্চিমা লাল কুত্তাদের সাথে যুদ্ধ শুরু হয়ে গেছে। ঢাকায় পুলিশ ক্যাম্প, ইপিআর ক্যাম্প এবং বেঙ্গল রেজিমেন্টের সৈন্যদের উপর নিরস্ত্র ও ঘুমন্ত অবস্থায় হত্যা চালিয়েছে। সুতরাং আমাদের আর সময় নাই। কক্সবাজারবাসী সংগ্রামী বাঙালিরা যে যেখানে যেভাবে আছেন, অস্ত্র শস্ত্র নিয়ে যুদ্ধের জন্য প্রস্তুত হয়ে যান।"

রাত ১টার দিকে জোনাব আলী, লতিফ এবং আরও কয়েকজন কক্সবাজার ইপিআর এর কাছে আসা ক্যাপ্টেন রফিক-এর ম্যাসেজে অবাঙালিদের ক্লোজ করার ব্যাপারে জানি। ওইদিন সন্ধ্যা সাড়ে ছয়টায় খরুলিয়া পর্যন্ত ঘোষণা দেওয়া হয়, বঙ্গবন্ধু স্বাধীনতা ঘোষণা করেছেন। মুজাহিদ বাহিনীকে বাংলাদেশের এই স্বাধীনতা যুদ্ধে জয়বাংলা বাহিনী এবং সংগ্রাম পরিষদের নির্দেশক্রমে অংশগ্রহণ করার জন্য সকাল ৮টার মধ্যে আওয়ামী লীগ অফিসে উপস্থিত হওয়ার জন্য অতি জরুরি নির্দেশ দেওয়া হয়। একইভাবে আনসার অ্যাডজুডেন্টকে এনেও এই ঘোষণা দেওয়া হয়।
রাত ১১ টায় ডিএফও'র আলমারির অস্ত্র নেওয়ার চেষ্টা চালানো হয়, কিন্তু পারা যায়নি। পরের দিন ডিএফও-কে আনিয়ে তালা খুলে অস্ত্র নেওয়া হয়। তখন আমার সাথে ছিল সুরত আলম, মোজাম্মেল (মরহুম), জমাদার ফজল করিম, মুজিব, মনছুর, জহির ও খুরশেদ। ওইদিন রাতে ব্ল্যাক আউট করানো হয়েছিল এবং আমি ছিলাম টেলিফোন এক্সচেঞ্জ বন্ধ করার দায়িত্বে।
এরপর এসডিপিও এবং ওসি-কে নিরস্ত্র করে থানা থেকে অস্ত্র নেওয়া হয়। বিবিসি এবং ভয়েস অব আমেরিকার খবরও প্রত্যক্ষ পর্যবেক্ষণের মাধ্যমে সমুদ্রে সোয়াত জাহাজ ও বাবর এবং উপরে বোমারু বিমান উপস্থিতির প্রেক্ষিতে সারা শহরে এবং বিমান বন্দরে ট্রেন্স করার ব্যবস্থা করি, রানওয়ে কেটে দেই। জনাব নুর আহামদ, আবছার কামাল চৌধুরী, শমশের আলম চৌধুরী প্রমুখের একটি দল বার্মার সাথে সামরিক সহায়তায় আশায় যোগাযোগ করার চেষ্টা করে বিফল হন। তখন কালুরঘাটে যুদ্ধ চলছিল। আমরা সংগ্রাম পরিষদের মাধ্যমে ৪/৫ বার কালুরঘাটে রসদ এবং ফোর্স সরবরাহের ব্যবস্থা করি এবং আমি নিজেই ওই ফোর্সের নেতৃত্ব দেই।
মুক্তিযুদ্ধে কক্সবাজারের সার্বিক অবস্থা ও সহযোদ্ধাদের প্রসঙ্গে বীর মুক্তিযোদ্ধা কামাল হোসেন চৌধুরী বলেন, আরও যারা আমার সাথে থাকতেন তাদের মধ্যে উল্লেখযোগ্য হচ্ছেন, সুরত আলম, মোজাম্মেল (মরহুম), মুজিব, কাদের, জাফর প্রমুখ এবং জয়বাংলা বাহিনীর একটি গ্রুপ। কালুর ঘাট পতনের পর আমরা আজিজ নগর, হারবাং, ফাঁসিয়াখালী, ডুলহাজরা, ঈদগাহ, রাবার বাগান এসব জায়গায় এম্বুস বসাই। ইতোপূর্বে সংগ্রাম পরিষদের নেতৃত্বে ইপিআর এর একটি গ্রুপ হাবিলদার জোনাব আলীর নেতৃত্বে কালুরঘাটে যোগদান করে। ওখানে আমরা টেকনাফ থেকে কুতুবদিয়া, হারবাং এবং আজিজ নগর পর্যন্ত আমাদের পূর্ণ তৎপরতা অব্যাহত রেখেন হানাদার মুক্ত রাখি। কালুর ঘাট পতনের পর হানাদার বাহিনী প্রথমে সাতকানিয়া এসে ফিরে যায় এবং পরে চকরিয়া পর্যন্ত এসে আবার আজিজ নগরে গিয়ে অবস্থান নেয়। ক্যাপ্টেন হারুন পেটে গুলিবিদ্ধ অবস্থায় এবং আরও বেশকিছু মুক্তিযোদ্ধা আহত অবস্থায় ডুলহাজরা মালুমঘাট খ্রিষ্টান মেমোরিয়াল হাসপাতালে আসে। ইতিমধ্যে এখানকার অনেক নেতৃবৃন্দ বার্মায় আশ্রয় নেয়। এই সংকটে একমাত্র জয় বাংলা বাহিনীই কক্সবাজার মহকুমায় অবস্থান করে।
এরপর পাক-হানাদার বাহিনী, রাজাকার,আলবদর, আলসামসসহ স্বাধীনতা বিরোধীরা একত্রিত হয়ে কক্সবাজার শহর, রামু, উখিয়া, টেকনাফ, চকরিয়া কুতুবদিয়া ও মহেশখালীতে ব্যাপক গণহত্যা চালায়।কক্সবাজারে টর্চার সেল খোলা হয় ২৩টি। জেলায় প্রথম শহিদ হন মহেশখালী কালারমারছড়া ইউনিয়নের তৎকালীন ইউপি চেয়ারম্যান স্থানীয় মুক্তি বাহিনীর কমান্ডার শহিদ মোহাম্মদ শরীফ। তারপর উখিয়ার শহিদ জাফর আলম। এরপর একে একে হত্যা করা হয় অসংখ্য প্রতিরোধ যোদ্ধাকে। ১৯৭১ এর গণহত্যা নির্যাতন আর্কাইভ ট্র্যাস্টের সভাপতি মুনতাসীর মামুন কর্তৃক কক্সবাজারে গণহত্যা শীর্ষক প্রতিবেদনে বলা হয়েছে কক্সবাজারে ২৬৭টি গণহত্যা সংগঠিত হয়েছে। সন্ধান পাওয়া গেছে ২০টি বধ্যভূমির ও ২৯টি গণকবরের। বসতবাড়ি, মন্দির, মার্কেট, ব্যবসা প্রতিষ্ঠানে অগ্নিসংযোগ করা হয়েছে প্রায় ৭ হাজার। এভাবে দীর্ঘ ৯ মাসে সারাদেশের ন্যায় কক্সবাজারকে বিরানভূমিতে পরিণত করে হানাদার বাহিনী।
বঙ্গবন্ধুর স্বপ্নের বাংলাদেশ আমরা কতটা পেলাম প্রশ্নের উত্তরে মুক্তিযুদ্ধের কক্সবাজারস্থ কমান্ডার বীর মুক্তিযোদ্ধা কামাল হোসেন চৌধুরী বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান, দেশ ও মানুষকে ভালোবেসে সপরিবার জীবন দিয়েছেন। তাঁরই কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই দেশকে উন্নত সমৃদ্ধ রাষ্ট্রের দিকে একাই টেনে নিয়ে যাচ্ছেন। বিশেষ করে কক্সবাজারে চলছে উন্নয়নের মহোৎসব। ডিজিটাল এই বাংলাদেশ দেখার জন্য আমরা জীবন বাজি রেখে মুক্তিযুদ্ধ করেছিলাম

১.৮ প্রত্যাশাঃ

কুতুবদিয়া উপজেলার সকল স্তরের জনগণের অংশগ্রহণের মাধ্যমে উপজেলা পরিষদের সকল বিভাগ ও ইউনিয়ন পরিষদকে সাথে নিয়ে এলাকার সার্বিক সমন্বিত টেকসই উন্নয়ন কল্পে, কুতুবদিয়া উপজেলার জনগনের প্রয়োজনীয় বাস্তব ভিত্তিক ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা বাস্তবায়ন করে একটি উন্নয়নকামী শক্তিশালী উপজেলা প্রতিষ্ঠা করা।

১.৯ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বই প্রণয়নের উদ্দেশ্যঃ

উপজেলা পরিষদের সম্পদের সীমাবদ্ধতা রয়েছে। তাই এই সীমাবদ্ধ সম্পদের অগ্রাধিকার ভিত্তিক এবং সঠিক ব্যবহারের জন্য পরিকল্পনা প্রণয়ন করা অত্যাবশ্যক। কারণ পরিকল্পনার মাধ্যমেই সম্পদের যথাযথ ব্যবহার করা সম্ভব। উপজেলা পরিষদের এলাকায় বর্তমানে বিভিন্ন স্টকহোল্ডারদের অর্থাৎ উপজেলা পরিষদের হস্তান্তরিত, অহস্তান্তারিত এবং অন্যান্য বিভাগ বা সংস্থাসমূহ তাদের বিভাগীয় উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করছে। কিন্তু চলমান উন্নয়ন কার্যক্রম এর মধ্যে সমন্বয় না থাকার কারণে কার্যক্রম এর ক্ষেত্রে দক্ষতা পরিকল্পিত হচ্ছে না। ফলে সম্পদের সুষ্ঠু ও অগ্রাধিকার ব্যবহার নিশ্চিত করা হচ্ছে না। বাংলাদেশ সরকারের সহস্রাব্দ উন্নয়নের লক্ষ্য এবং উপজেলা পরিষদের সকল স্টকহোল্ডারদের অর্থাৎ হস্তান্তরিত ও অহস্তান্তারিত, অন্যান্য বিভাগ এবং ইউনিয়ন পরিষদের সম্পদ, কার্যক্রম এবং উন্নয়ন পরিকল্পনাকে সমন্বিত করে উপজেলা ভিত্তিক সার্বিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে পরিকল্পনা বই তৈরির উদ্যোগ নেয়া হয়েছে।

১.১০ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বই প্রণয়ন প্রক্রিয়াঃ

উপজেলা পর্যায়ের সকল দপ্তরকে সম্পৃক্ত করে বার্ষক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। এ পরিকল্পনা প্রণয়ন প্রক্রিয়ায় কতগুলো ধাপ অনুসরণ করা হয়েছে।
প্রথমত: বার্ষিক উন্নয়নের পরিকল্পনা প্রনয়নের জন্য কুতুবদিয়াউপজেলা পরিষদ বিশেষ সভায় উপজেলা পরিষদের সকল বিভাগীয় প্রধানদের সমন্বয়ে একটি পরিকল্পনা কমিটি গঠন করা হয়।

দ্বিতীয়ত: উপজেলা পরিষদের স্থায়ী কমিটির সদস্যগণকে উদ্বুদ্ধ ও সম্পৃক্ত করে খাতভিত্তিক সমস্যা বিশ্লেষণ অগ্রাধিকার নিরুপনের মাধ্যমে খাতভিত্তিক ও পরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। অতপর পরিকল্পনা কমিটি উপজেলা কমিটি সমূহের নিকট থেকে খাতভিত্তিক প্রস্তাবনা সংগ্রহ করে একটি সমন্বিত খসড়া বার্ষিক উন্নয়ন পরিকল্পনা তৈরি করে।

তৃতীয়তঃ উপজেলা পরিষদের সকল হস্তান্তরিত এবং অ-হস্তান্তরিত ও অন্যান্য বিভাগকে উদ্বুদ্ধ ও সম্পৃক্ত করে বিভাগ ভিত্তিক পঞ্চবার্ষিকী পরিকল্পনা তৈরি কর হয়। পরবর্তিতে পরিকল্পনা কমিটি উপরোক্ত বিভাগ ভিত্তিক তথ্য ও পরিকল্পার সমন্বয়ে উপজেলা পরিষদের খসড়া সমন্বিত বর্ষিক পরিকল্পনা তৈরি করা হয়েছে।

চর্তুথত: উপজেলা পরিষদের বিশেষ সভায় পরিকল্পনা কমিটি সমন্বিত খসড়া বার্ষিক পরিকল্পনা উপস্থাপন করে। উক্ত বিশেষ সভায় সমন্বিত খসড়া বার্ষিক উন্নয়ন পরিকল্পনা নিয়ে আলোচনা করা হয় এবং অংশগ্রহণকারীগণ তাদের মূল্যবান মতামত ও সুপারিশ প্রদান করে। সবশেষে উপজেলা পরিষদ বার্ষিক উন্নয়ন পরিকল্পনাটি চুড়ান্ত অনুমোদন করে।

১.১১ পরিকল্পনা বাস্তবায়ন কৌশলঃ

ক) সরকারী অন্যান্য বিভাগের সাথে সম্পুরক/পরিপুরক প্রকল্প গ্রহণ।

খ) উপজেলা, ইউনিয়ন পরিষদ, এনজিও এবং ব্যক্তির মধ্যে সম্পদ ও প্রকল্পের সমন্বয় সাধন।

গ) অংশ গ্রহণমূলক মনিটরিং প্রক্রিয়া অনুসরণ।

ঘ) নিম্ন থেকে উর্ধমূখী পরিকল্পনা প্রক্রিয়া অনুসরণ।

১.১৩ বার্ষিক উন্নয়ন পরিকল্পনা বই প্রণয়নের সীমাবদ্ধতাঃ

কুতুবদিয়া উপজেলা পরিষদ পর্যায়ে বার্ষিক পরিকল্পনা প্রণয়নের প্রথম উদ্যোগ হিসেবে এই পরিকল্পনা বই এর কিছু সীমাবদ্ধতা রয়েছে। এই বার্ষিক পরিকল্পনার বই-এর উল্লেখযোগ্য অংশ হল হস্তান্তরিত, অহস্তান্তরিত এবং অন্যান্য সকল বিভাগ/সংস্থাসমূহ থেকে ভিত্তি তথ্য এবং তাদের বর্তমান কার্যক্রম সম্পর্কে বিস্তারিত তথ্য সংগ্রহকরা এবং সেই তথ্যের বিশ্লেষণ করা। কিন্তু বাস্তবতা হচ্ছে বিভিন্ন বিভাগের তথ্যের ঘাটতি এবং বর্তমান কার্যক্রম সম্পর্কে বিস্তারিত তথ্য সরবরাহ করার ক্ষেত্রে বিভাগসমূহের আগ্রহ কম ছিল। এমতাবস্থায়, পরিকল্পনা বই প্রণয়নেরক্ষেত্রে নির্দেশনা অনুযায়ী সকল বিভাগ/সংস্থাসমূহের প্রয়োজনীয় তথ্যও সময়মত পাওয়া যায়নি।
উপজেলা পরিষদের বার্ষিক পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে সকল স্টকহোল্ডার অর্থাৎ হস্তান্তরিত, অ-হস্তান্তরিত এবং বিভাগসমূহকে পরিকল্পনা বিষয়ে উদ্বুদ্ধ এবং সম্পৃক্ত করা একটি সময়-সাপেক্ষ প্রক্রিয়া কিন্তু এই পরিকল্পনা বই তৈরির ক্ষেত্রে প্রয়োজনীয় সময় পাওয়া যায়নি। পরিকল্পনা বই প্রণয়নের ক্ষেত্রে উপজেলা পর্যায়ে কর্মরত অনেক প্রতিষ্ঠান তথ্য প্রদানের ক্ষেত্রে এবং তাদের বর্তমান কার্যক্রমের তথ্য প্রদানের ক্ষেত্রে সংশয় প্রকাশ করেছে। অনেক প্রতিষ্ঠান তাদের কার্যক্রম সম্পর্কে প্রতিবেদন দেওয়ার ক্ষেত্রে তাদের উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদনের কথা উলেখ করেছে। ফলে সঠিক সময়ে তাদের নিকট হতে প্রয়োজনীয় তথ্য পাওয়া সম্ভব হয়নি।

১.১৪ কুতুবদিয়া উপজেলার মানচিত্রঃ

দ্বিতীয় অধ্যায়ঃ আর্থ-সামাজিক তথ্য

২.১ উপজেলা পরিষদ এবং বিভিন্ন বিভাগের আর্থ-সামাজিক তথ্যঃ

উপজেলার মোট আয়তন	ঃ ২১৬.০০ বর্গ কিঃমিঃ
বর্তমান লোক সংখ্যা	ঃ ১,৩৩,৮৮৮ জন (প্রায়)
প্রতি বর্গ কিঃমিঃ লোকসংখ্যার ঘনত্ব	ঃ ১৬৫২ জন
এ উপজেলায় লোক সংখ্যার	ঃ শতকরা ৯৪ ভাগ মুসলমান
বর্তমান শিক্ষার হার	ঃ ৭৭% ভাগ।

এ উপজেলার জনগণের মূল কাজ কৃষি হলে ও আর্থ সামাজিক অবস্থার পরিবর্তন এবং ক্ষুদ্র শিল্প, ব্যবসা বানিজ্য সম্প্রসারনের কারনে অ-কৃষিজীবির সংখ্যা দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তদুপরি কৃষি যান্ত্রিকীকরণের ফলে মূল্য বৃদ্ধি ও প্রাকৃতিক দূর্যোগের কারণে কৃষির প্রতি একটা অনাগ্রহের প্রবনতা লক্ষ্য করা যায়।

কুতুবদিয়াউপজেলার ক) উত্তরে সাতকানিয়া উপজেলা খ) দক্ষিণে-চকরিয়া উপজেলা, গ) পূর্বে-লামা উপজেলা ঘ) পশ্চিমে-বাশঁখালী উপজেলা অবস্থিত

সরকারী মাধ্যমিক বিদ্যালয়	ঃ ০১ টি
সরকারী কলেজ	ঃ ০১ টি
বেসরকারী কলেজ	ঃ ০৩ টি
জনসংখ্যার ঘনত্ব	ঃ ১৬৫২ জন/ বঃ কিঃ মিঃ
ইউনিয়ন পরিষদ	ঃ ০৬ টি
পৌরসভা	ঃ ০০টি
হাট বাজার	ঃ ০২ টি ,
কলেজ	ঃ ০৪ টি
বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়	ঃ ০৮ টি
ফাজিল মাদ্রাসা	ঃ ০১ টি
সিনিয়র মাদ্রাসা	ঃ ০১ টি
দাখিল মাদ্রাসা	ঃ ০৮ টি
কওমী মাদ্রাসা	ঃ ০৭ টি
এবতেদায়ী (স্বতন্ত্র)	ঃ ০৮ টি
ফোরকানিয়া মাদ্রাসা	ঃ ২০৫ টি
হাফেজীয়া মাদ্রাসা	ঃ ১৭ টি
নূরানী মাদ্রাসা	ঃ ০২ টি
কিন্ডার গার্টেন	ঃ ১৭ টি
সরকারি প্রাথমিক বিদ্যালয়	ঃ ৫৯ টি
কমিউনিটি বিদ্যালয়	ঃ ০১ টি
গ্রাম	ঃ ৫৪ টি
শিক্ষার হার	ঃ ৭৭%,
এনজিও	ঃ ১৪ টি
নির্বাচনী এলাকা	ঃ ২৯৫ ককসবাজার-০২ (কুতুবদিয়া-কক্সবাজার)

ভূমি ও রাজস্ব সংক্রান্ত

ইউনিয়ন ভূমি অফিস	ঃ ০৩ টি
পৌর ভূমি অফিস	ঃ ০০ টি
হাট-বাজারের সংখ্যা	ঃ ০২ টি

স্বাস্থ্য সংক্রান্ত

১। ৬টি ইউনিয়নে বর্তমানে চালুকৃত ১২টি সি.সির (কমিউনিটি ক্লিনিক) মধ্যে পুরাতন ১২টি (দীর্ঘ ৭ বৎসর বন্ধ ছিল- ২০১১ ইং হইতে ২০১৩ইং পর্যন্ত মেরামত ও সংস্কার করা হইয়াছে এবং ৪টি ২০১১-২০২১ইং পর্যন্ত সময়ে নতুন নির্মিত হয়েছে) চিকিৎসা মূলক সেবার মাধ্যমে পর্যাপ্ত পরিমাণে ঔষধ সরবরাহ করা হইতেছে এবং স্বাস্থ্য শিক্ষা দেওয়া হইতেছে। এ কার্যক্রমে জানুয়ারী - ২০১০ইং হইতে ডিসেম্বর/২০২০ইং পর্যন্ত ২,৩৯,৭১৬ জনকে সেবা প্রদান করা হইয়াছে। বর্তমানে ০২টি সিসি নতুন ভাবে নির্মানের জন্য প্রক্রিয়াধীন।

২। ৬টি ইউনিয়নে ৬টি মেডিকেল টিম এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ১টি মেডিকেল টিম সার্বক্ষনিক ডায়রিয়া নিয়ন্ত্রণ ও অন্যান্য রোগ বালাই কাজে নিয়োজিত রহিয়াছেন।

পরিবার পরিকল্পনা

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র	ঃ ০৫ টি
মা ও শিশু কল্যাণ কেন্দ্র	ঃ ০১ টি
এম.সি.এইচ. ইউনিট	ঃ ০১টি

প্রাণি সম্পদ

উপজেলা পশু চিকিৎসা কেন্দ্র	ঃ ০১ টি
পশু ডাক্তারের সংখ্যা	ঃ ০১ জন
গবাদি পশু/ দুগ্দ খামার খামার	ঃ ২০১ টি
ছাগলের খামার	ঃ ১৫ টি
ভেড়ার খামার	ঃ ০৫ টি
ব্রয়লার মুরগীর খামার	ঃ ১১০টি
লেয়ার মুরগীর খামার	ঃ ১২টি
হাসের খামার	ঃ ০৫ টি
কবুতরের খামার	ঃ ৪০টি

সমবায় সংক্রান্ত

কেন্দ্রীয় সমবায় সমিতি লিঃ	ঃ ০৪ টি
পউবো সমিতি	ঃ ০১টি
সাধারণ সমবায় সমিতি	ঃ ২১৯ টি

তথ্য সেবা প্রাপ্তির ক্ষেত্রে অভিযোগ কিংবা বিধি সম্মত তথ্যের জন্য নিম্নোক্ত ঠিকানায় যোগাযোগ করা যাবে ঃ

উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া ককসবাজার

ফোন ঃ ০১৮৭২-৬১৫১৪০

ই-মেইল ঃ unokutubdia@mopa.gov.bd, ওয়েবসাইট ঠিকানা ঃ www. kutubdia.coxsbazar.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কুতুবদিয়া ককসবাজার

সিটিজেন চার্টার (Citizen Charter)

ক্রমিক নং	সেবার নাম	সেবা প্রদানের সময় সীমা	সেবা প্রদানের প্রদ্ধতি	সেবা প্রদানের স্থান
০১	কৃষি/অকৃষি খাস জমি বন্দোবস্ত, পেরীফেরীভূক্ত হাট-বাজার একসনা বন্দোবস্ত ও প্রযোজ্য ক্ষেত্রে ভূমি সংক্রান্ত বিষয়।	সহকারী কমিশনার (ভূমি) হতে প্রাপ্তির পর ৩ (তিন) দিনের মধ্যে।	উপজেলা ভূমি অফিস হতে প্রস্তাব প্রেরণের পর উপজেলা নির্বাহী অফিস হতে প্রস্তাবটি সুপারিশ সহকারে জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়ে অগ্রবর্তী করা হয়।	সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,জেলা প্রশাসকের কার্যালয় ও ভূমি মন্ত্রণালয়।
০২	ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত বরাদ্ধে গৃহীত প্রকল্প বাস্তবায়ন কার্যক্রম (টি.আর, কাবিখা, কাবিটা ও ত্রাণ সামগ্রী)।	প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা হতে প্রস্তাব প্রাপ্তির পর ২ (দুই) দিনের মধ্যে।	প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার নিকট থেকে প্রস্তাব প্রাপ্তির পর সভায় সিদ্ধান্ত গ্রহণ করতঃ জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়ে অনুমোদনের জন্য প্রেরণ করা হয়।	প্রকল্প বাস্তবায়ন অফিস, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয় ও প্রযোজ্য ক্ষেত্রে উপজেলা হিসাব রক্ষণ অফিস।
০৩	এল.জি.ই.ডি কর্তৃক গৃহীত ও বাস্তবায়িত প্রকল্প, প্রযোজ্য ক্ষেত্রে ঠিকাদারের বিল/প্রকল্প কমিটির সভাপতির বিল প্রদান।	উপজেলা প্রকৌশলীর কার্যালয় হতে প্রস্তাব প্রাপ্তির পর ২ (দুই) দিনের মধ্যে।	উপজেলা প্রকৌশলীর কার্যালয় হতে প্রস্তাব প্রাপ্তির পর বিল অনুমোদন, প্রয়োজনে সরেজমিনে পরিদর্শন।	উপজেলা প্রকৌশলীর কার্যালয়, উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় ও প্রযোজ্য ক্ষেত্রে উপজেলা হিসাব রক্ষণ অফিস।
০৪	হাট-বাজার বাৎসরিক ইজারা প্রদান।	প্রতি বছরের ১লা বৈশাখের আনুমানিক ২ (দুই) মাস পূর্বে কার্যক্রম গ্রহণ করা হয়।	হাট-বাজার নীতিমালা অনুযায়ী দরপত্র বিজ্ঞপ্তির মাধ্যমে।	উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয় এবং প্রযোজ্য ক্ষেত্রে সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়।
০৫	জলমহাল ইজারা প্রদান।	প্রতি বছরের ১লা বৈশাখের আনুমানিক ২ (দুই) মাস পূর্বে কার্যক্রম গ্রহণ করা হয়।	জলমহাল ইজারার নীতিমালা অনুযায়ী দরপত্র বিজ্ঞপ্তির মাধ্যমে।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয় ও উপজেলা নির্বাহীকর্মকর্তার কার্যালয়।
০৬	সভাপতি হিসাবে দায়িত্ব পালনকারী বে-সরকারী কলেজ, হাই স্কুল ও মাদ্রাসার বেতন বিল প্রদান ও শিক্ষা প্রতিষ্ঠানের বিবিধ প্রশাসনিক কার্যাবলী।	শিক্ষা প্রতিষ্ঠান হতে বেতন বিল প্রাপ্তির ২ (দুই) দিনের মধ্যে এবং যে কোন প্রশাসনিক কাজের প্রস্তাব প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে।	প্রতিষ্ঠান প্রধান কর্তৃক বিল দাখিলের পর।	উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়।
০৭	ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সদস্য, সদস্যাদের সরকারী অংশের সম্মানী ভাতা প্রদান এবং সচিব ও গ্রাম পুলিশদের বেতন ভাতা প্রদান।	সরকারী বরাদ্ধ প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে।	সরকারী বরাদ্ধ প্রাপ্তির পর সম্মানী ভাতা বা বেতন ভাতা ব্যাংক থেকে কালেকশন করে প্রদান করা হয়।	উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়।
০৮	ধর্ম মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, জেলা পরিষদ, সংস্থা / বিভাগ কর্তৃক বিবিধ অনুদান বিতরণ।	বরাদ্ধ প্রাপ্তির পর বিষয়টি সুফলভোগীকে অবহিত করা হয়। সুফলভোগী কর্তৃক চাহিদা মোতাবেক কাগজ-পত্রাদি দাখিলের পর ৩ (তিন) দিনের মধ্যে অর্থ প্রদান করা হয়।	সুফলভোগী কর্তৃক চাহিদা মোতাবেক কাগজ-পত্রাদি দাখিলের পর উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক অর্থ প্রদান করা হয়।	উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়, উপজেলা হিসাব রক্ষণ অফিস, প্রযোজ্য ক্ষেত্রে মন্ত্রণালয় / বিভাগ / সংস্থা।

০৯	জেনারেল সার্টিফিকেট মামলা।	বিধি মোতাবেক।	চ.উ.জ. অপঃ, ১৯১৩ অনুযায়ী।	উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়।
১০	মোবাইল কোর্ট পরিচালনা ও রিপোর্ট রিটার্ণ প্রেরণ।	প্রতি সপ্তাহে একদিন।	সরকারের আদেশ ও বিভিন্ন আইন মোতাবেক।	উপজেলা নির্বাহী অফিসার ও ১ম শ্রেণীর ম্যাজিস্ট্রেট।
১১	হজ্বব্রত পালনের ফরম বিতরণ ও পরামর্শ প্রদান।	আবেদনের সাথে সাথে।	আবেদন মোতাবেক উপজেলা নির্বাহী অফিস হতে ফরম, তথ্য ও পরামর্শ প্রদান করা হয়।	উপজেলা নির্বাহী অফিস ও জেলা প্রশাসক মহোদয়ের কার্যালয়।
১২	স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) সংক্রান্ত পরামর্শ, তথ্য ওকরণীয় সম্পর্কে সেবা প্রদান।	চাহিদা মোতাবেক স্বল্প সময়ে প্রদান করা হয়।	উপজেলা নির্বাহী অফিসে এসে পরামর্শ চাওয়া হলে পরামর্শ প্রদান করা হয়।	উপজেলা নির্বাহী অফিস ও ইউপি চেয়ারম্যান।
১৩	বিভিন্ন কমিটির সভাপতির দায়িত্ব পালন।	কমিটিরসদস্য-সচিবের সাথে আলাপের মাধ্যমে সম্ভাব্য স্বল্পতম সময়ে।	সদস্য-সচিবের চাহিদা মাফিক।	বিভাগীয় কর্মকর্তা ও উপজেলানির্বাহী অফিসার।
১৪	বি.সি.আই.সি/ভর্তুকি সারের প্রতিবেদন প্রেরণ।	আগমনী বার্তা প্রাপ্তির দিন।	সরেজমিনে পরিদর্শন পূর্বক।	উপজেলা কৃষি কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার।
